

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং-০৯/মুসক/২০২৬, তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (ড) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২১ এর উপ-বিধি (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, কোন বাণিজ্যিক আমদানিকারক বা ব্যবসায়ী কর্তৃক ৫০ (পঞ্চাশ) শতাংশ বা তদুর্ধ্ব পরিমাণ মূল্য সংযোজনপূর্বক ১৫ (পনেরো) শতাংশ হারে মুসক পরিশোধ করিয়া উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে নিম্নোবর্ণিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে উপকরণ-উৎপাদ সহগ (মুসক-৪.৩) ঘোষণা প্রদানের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি:

- (ক) এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো নিবন্ধিত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে;
- (খ) উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (ড) ব্যতীত অন্যান্য বিধানাবলী পরিপালন করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আজিজুর রহমান

সদস্য (মুসক নীতি)।